104

দৈনিক সংবাদ

তারিখ 05 DEC 1989
পৃষ্ঠা ১ কলাম ৫

আরিফ হত্যার তদন্তে কমিটি গঠন

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা ১৬ই ডিসেম্বর পর্যন্ত স্থগিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত থাকার সময়সীমা আগামী ১৬ই ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। আরিফ হত্যার তদন্তের জন্য কর্তৃপক্ষ একটি কমিটি গঠন করেছেন।

গতকাল সোমবার অনুষ্ঠিত সিণ্ডিকেট সভায় এসব ব্যবস্থা গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৯ই ডিসেম্বর থেকে ক্লাস এবং ১৭ই ডিসেম্বর থেকে সকল পরীক্ষা যথারীতি শুরু হবে।

সকল কেন্দ্রে আগামী ৯ই ডিসেম্বর অনুষ্ঠেয় ১৯৮৬ সালের

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ১৬ই ডিসেম্বর পর্যন্ত স্থগিত

(১ম পাতার পর)

শেষ পর্ব মাষ্টার্স (সনাতন) পরীক্ষাও স্থগিত রাখা হয়েছে। ক্যাম্পাস পরিস্থিতি এখনো স্বাভাবিক না হওয়ায় পরীক্ষাগুলো পিছিয়ে দেয়া হয়েছে বলে জানা গেছে। এ ছাড়া আরিফ হত্যার তদন্তের জন্য সভায় ৫ সদস্যের কমিটি গঠন করে অবিলম্বে কমিটিকে রিপোর্ট পেশ করতে বলা হয়েছে।

এদিকে ক্যাম্পাস পরিস্থিতির কারণে আগামী ৭ই ডিসেম্বর অনুষ্ঠেয় সিণ্ডিকেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনও স্থগিত ঘোষণা করা হয়েছে।